**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**

**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ৮ মে ২০১৬, ২৫ বৈশাখ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জলবায়ু পরিবর্তন ও তার বিরূপ প্রভাব মোকাবিলায় উপযোগী অবকাঠামো নির্মাণ করতে হবে : প্রকৌশলীদের প্রতি রাষ্ট্রপতি

২। চতুর্থ দফা ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন

৩। আজ পঁচিশে বৈশাখ কবিগুরুর জন্মদিন

৪। কোথাও প্রয়োজনের অধিক ওষুধের দোকান থাকবে না : স্বাস্থ্যমন্ত্রী

৫। জঙ্গি দমনে সরকার বদ্ধপরিকর : তথ্যমন্ত্রী

৬। বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকে অতিমাত্রায় বাণিজ্যিক না হওয়ার আহ্বান স্পিকারের

৭। আগামী ২২ মে পবিত্র শবেবরাত

৮।	আজ বিশ্ব মা দিবস

৯।	আজ বিশ্ব থ্যালাসেমিয়া সচেতন দিবস

১০।	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌনে ২ কোটি টাকার স্বর্ণ জব্দ

চলমান পাতা/২



**১।	জলবায়ু পরিবর্তন ও তার বিরূপ প্রভাব মোকাবিলায় উপযোগী অবকাঠামো নির্মাণ করতে হবে : প্রকৌশলীদের প্রতি রাষ্ট্রপতি**

পরিবেশ উন্নয়ন, জলবায়ু পরিবর্তন ও তার বিরূপ প্রভাব মোকাবিলায় উপযোগী অবকাঠামো নির্মাণে প্রকৌশলীদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল ৭ মে শনিবার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের ৬৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এছাড়া রাষ্ট্রপতি নির্মাণ কাজের ‘কোড অব এথিক্স’ মেনে চলতেও প্রকৌশলীদের প্রতি আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**২।	চতুর্থ দফা ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন**

গতকাল ৭ মে শনিবার চতুর্থ ধাপে ৭০৩ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পন্ন হয়েছে। সকাল ৮টা থেকে শুরু হয়ে নিরবচ্ছিন্নভাবে বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ করা হয়। নির্বাচন কমিশন জানিয়েছে এ ধাপে বিচ্ছিন্ন কিছু অনিয়মের ঘটনা ঘটলেও বড় ধরনের কোনো সহিংসতা হয়নি। দেশের বিভিন্ন প্রান্তে ৫২টি কেন্দ্রের ভোট বাতিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ বলেছেন, চতুর্থ ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিপুল সংখ্যক ভোটারের ভোটদানের মধ্য দিয়ে ৭০৩টি ইউনিয়ন পরিষদে ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে এবং সুশৃঙ্খলভাবে নির্বাচন হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ, ইনকিলাব, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ এজসহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## ৩। আজ পঁচিশে বৈশাখ কবিগুরুর জন্মদিন

বাংলা ভাষা ও সাহিত্যের উৎকর্ষের অন্যতম শীর্ষ রূপকার কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের **১৫৫**তম জন্মবার্ষিকী আজ। জাতীয় পর্যায়ে কবিগুরুর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে সরকার। এ বছর জন্মবার্ষিকীর মূল অনুষ্ঠান হবে ঢাকায়। বিকেল **৩**টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। সভাপতিত্ব করবেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। কবিগুরুর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনী জাতীয় পর্যায়ে মূল অনুষ্ঠানসহ অন্যান্য অনুষ্ঠানে ব্যাপক নিরাপত্তা প্রদান করবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

## ৪। কোথাও প্রয়োজনের অধিক ওষুধের দোকান থাকবে না : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, কোনো এলাকায় প্রয়োজনের অধিক ওষুধের দোকান থাকবে না। তিনি বলেন, বাংলাদেশ ছাড়া পৃথিবীর কোথাও প্রেসক্রিপশন ব্যতীত ওষুধ বিক্রি হয় না। গতকাল ৭ মে শনিবার রাজধানীর একটি কনভেনশন সেন্টারে আয়োজিত আঞ্চলিক হেপাটাইটিস সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেন, ভেজাল খাদ্য আর অনিরাপদ পানি লিভারের ক্ষতি করে। নিরাপদ খাদ্য ও পানি নিশ্চিত করতে পারলে লিভারের সমস্যা অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭), **নিউ নেশন** (পৃ.৪,ক.১)।

## ৫। জঙ্গি দমনে সরকার বদ্ধপরিকর : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জঙ্গি দমনে সরকার বদ্ধপরিকর। এ ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ইচ্ছার কোনো ঘাটতি নেই। সভ্যতা ও মানবসমাজ রক্ষায় গুপ্তহত্যাকারী-জঙ্গি সন্ত্রাসী দানবদের ধ্বংস করতেই হবে। এদের মোকাবিলায় ঐক্যবদ্ধ হতে হবে। গতকাল ৭ মে শনিবার রাজধানীতে বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে ড. মো. আনোয়ার হোসেন রচিত ‘অনন্ত আমরা চুপ থাকব না’ প্রবন্ধ গ্রন্থের পাঠ উন্মোচন ও আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪)।

### ৬। বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহকে অতিমাত্রায় বাণিজ্যিক না হওয়ার আহ্বান স্পিকারের

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, দেশের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানগুলো মেধাবী শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষার পথ প্রশস্ত করতে কাজ করে যাচ্ছে। কিন্তু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষাগ্রহণ করা অত্যন্ত ব্যয়বহুল। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে তাই অতিমাত্রায় বাণিজ্যিক না হয়ে বাস্তবতার নিরিখে শিক্ষা প্রদানে ভূমিকা পালন করার আহ্বান জানান স্পিকার। গতকাল ৭ মে শনিবার রাজধানীর একটি হোটেলে ইস্টার্ন বিশ্ববিদ্যালয়ের **১৩** বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত 'রোল অফ প্রাইভেট ইউনিভার্সিটি ইন দ্য ডেভেলপমেন্ট অফ হাইয়ার এডুকেশন ইন বাংলাদেশ : চ্যালেঞ্জেস অ্যান্ড প্রোসপেক্টস' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

### ৭। আগামী ২২ মে পবিত্র শবেবরাত

দেশের আকাশে কোথাও গতকাল ৭ মে শনিবার পবিত্র শাবান মাসের চাঁদ দেখা যায়নি। এ জন্য আজ রোববার রজব মাসের ৩০ দিন পূর্ণ হচ্ছে। আগামীকাল সোমবার থেকে শাবান মাস গণনা শুরু হবে। সে হিসেবে আগামী ২২ মে দিবাগত রাতে পবিত্র শবেবরাত পালিত হবে। গতকাল ৭ মে শনিবার জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের ইসলামিক ফাউণ্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

### ৮। আজ বিশ্ব মা দিবস

আজ বিশ্ব মা দিবস। প্রতিটি ক্ষণ, মুহূর্তে নিজেকে বিলিয়ে দিয়ে যিনি সন্তানকে বড় করে তোলেন, তাকে পৃথিবীতে চলার উপযুক্ত করে গড়ে তোলেন যিনি, সেই 'মা'য়ের কাছে সন্তানের ঋণ পরিশোধের দিন আজ। মা দিবসের প্রচলন শুরু হয় প্রথমে প্রাচীন গ্রীসে। **১৯১৪** সালে আমেরিকার প্রেসিডেন্ট উড্রো উইলসন দিবসটিকে রাষ্ট্রীয় স্বীকৃতি দেন। এরপর পৃথিবীর দেশে দেশে মা দিবসটি পালনের রেওয়াজ ছড়িয়ে পড়ে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

### ৯। আজ বিশ্ব থ্যালাসেমিয়া সচেতন দিবস

দেশে প্রতি দশজনে একজন থ্যালাসেমিয়ায় আক্রান্ত। প্রতিদিন প্রায় ২০টি শিশু থ্যালাসেমিয়া নিয়ে

জন্মগ্রহণ করে। সম্পূর্ণভাবে প্রতিরোধযোগ্য এই রোগ মূলত সচেতনতার অভাবেই বাড়ছে। গতকাল ৭ মে শনিবার বিশ্ব থ্যালাসেমিয়া দিবসের প্রাক্কালে আয়োজিত এক সচেতনতা অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে স্বেচ্ছাসেবী সংগঠন ফ্যামিলি কেয়ার ও ডিএনএ সল্যুশন লিমিটেড। অনুষ্ঠানে বক্তারা বলেন, থ্যালাসেমিয়া মারাত্মক বংশগত এক রক্তরোগের নাম। দেশের মোট জনসংখ্যার প্রায় দশ ভাগ অর্থাৎ প্রায় দেড় কোটি মানুষ নিজের অজান্তে থ্যালাসেমিয়া রোগের বাহক। বাবা মা এ রোগের বাহক হলে তাদের সন্তানরা এ রোগ নিয়ে জন্মাতে পারে। বক্তারা বলেন, থ্যালাসেমিয়া প্রতিরোধের একমাত্র উপায় বিয়ের আগে রক্ত পরীক্ষা এবং এ রোগের বিরুদ্ধে জনপ্রতিরোধ গড়ে তোলা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** ( শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.৪,ক.১)।

**১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌনে ২ কোটি টাকার স্বর্ণ জব্দ**

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টয়লেট থেকে ৩ কেজি ৭ শ’ গ্রাম স্বর্ণের বার জব্দ করেছে ঢাকা কাস্টম হাউস। ৩২ পিসের এই বারগুলোর মূল্য ১ কোটি ৭৭ লাখ টাকা। গতকাল ৭ মে শনিবার টয়লেটের ফ্লাশ ট্যাংকির ভেতর থেকে এগুলো জব্দ করেন ঢাকা কাস্টম হাউসের প্রিভেন্টিভ দল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।



**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** পানি নেই বলে চাষের অভাবে জীবিকা হারিয়ে গ্রাম ছেড়েছে রাজশাহীর তানোরের একশত পরিবার উল্লেখ করে উত্তরাঞ্চলের নদ-নদীগুলোর স্বাভাবিক পানি প্রবাহ ফিরিয়ে আনতে তিস্তার পানিবন্টন চুক্তি সম্পাদন এবং পদ্মার প্রাপ্য পানি আদায়ে জোরালো উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার রোগী বহনকারী অ্যাম্বুলেন্স ও পুলিশের গাড়ি ব্যতিত অন্য কোনো গাড়িতে সাইরেন ও বিকন লাইন এবং কোনো ধরণের গাড়িতে হাইড্রোলিক হর্ন ব্যবহার করা যাবে না ইত্যাদি যেসব ঘোষণা দিয়েছেন তার যথাযথ বাস্তবায়ন কামনা।

গ. **সমকাল :** আন্তর্জাতিক ফুড পলিসি রিসার্চ ইনস্টিটিউট এবং জাতিসংঘ খাদ্য গবেষণা কর্মসূচির এক গবেষণায় দেশের পাঁচ বছর বয়সী শিশুদের ৩৬ শতাংশের উচ্চতা স্বাভাবিকের চেয়ে কম এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে সুস্থ, সবল ও প্রাণবন্তভাবে শিশুদের বেড়ে ওঠার পরিবেশ সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** আসন্ন রমজান মাসকে কেন্দ্র করে নিত্যপণ্যের মূল্য যাতে অস্বাভাবিকভাবে বৃদ্ধি না হয় সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার :** ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের দুই মেয়রের বিগত এক বছরের কর্মকাণ্ডের বিস্তারিত তুলে ধরে দুই মেয়রকে তাদের প্রতিশ্রুতি বাস্তবায়নে আরও সক্রিয় হওয়ার এবং যথাযথ

কর্তৃপক্ষকে দুই মেয়রকে যথাযথ ক্ষমতা ও সম্পদ দিয়ে সহায়তা করার আহ্বান।

চ. **ডেইলি সান, নিউজ টুডে** : ঢাকাকে মাত্রাতিরিক্ত জনগোষ্ঠীর চাপের হাত থেকে রক্ষা করতে হলে শিল্পকারখানা, গার্মেন্টস খাত, স্বাস্থ্য সেবা, শিক্ষাসহ অনেক কেন্দ্রীয় অফিস বিকেন্দ্রীকরণের ব্যবস্থা করাই একমাত্র গ্রহণযোগ্য পন্থা বলে অভিমত।

ছ. **অবজারভার, নিউ নেশন, প্রথম আলো, সমকাল, যুগান্তর** : ফেনীর পরশুরাম উপজেলা নির্বাহী কর্মকর্তা ক্ষমতাসীন দলের নেতা ও সহযোগীর দ্বারা নির্যাতিত হওয়ার বিষয় তুলে ধরে এ ব্যাপারে আইনানুগ বিচার ও শাস্তি নিশ্চিত করা সুপারিশ।

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : নারীদের অর্থনৈতিকভাবে ক্ষমতায়ন করা গেলে দেশের অপুষ্টি সমস্যা সমাধানে তা ব্যাপক প্রভাব ফেলবে বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে দেশে জঙ্গিবাদ মোকাবিলায় সরকার, রাজনীতিবিদ, আমলাতন্ত্র ও জনগণকে একসাথে কাজ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বাল্যবিবাহ ও দারিদ্র্য'** শিরোনামের নিবন্ধে হায়দার আহমদ খান এফ সি এ মানসম্মত শিক্ষায় শিক্ষিত মানবসম্পদ সৃষ্টি এবং কর্মসংস্থানের মাধ্যমেই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব যা বাল্যবিবাহ রোধে সহায়তা হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা